



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

E-mail: ce@bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd

স্মারক নম্বর চশিবো/পরী- উমা/পরি-২৮/২০০০(অংশ-৮)/৩৬৯(২)

তারিখঃ ০১/০৪/২০২৪ খ্রি:

এইচএসসি পরীক্ষা ২০২৪-এ ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় করা সংক্রান্ত

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা ২০২৪-এর ফরম পূরণ সংক্রান্ত পূর্বে প্রদত্ত বিজ্ঞপ্তির পৃষ্ঠা-৫ এর ২১ নম্বর অনুচ্ছেদে সুস্পষ্ট উল্লেখ রয়েছে যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগস্ট ২০২৪ খ্রি. পর্যন্ত শিক্ষার্থীদের নিকট থেকে টিউশন ফি আদায় করতে পারবে। কোনো অজুহাতেই শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফি-এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

বিভিন্ন সূত্র থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায় চট্টগ্রাম শিক্ষাবোর্ডের আওতাধীন কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান পুনঃনির্বাচনী পরীক্ষার ১ম মডেল টেস্ট, ২য় মডেল টেস্ট ও বিশেষ ক্লাসের নামে অতিরিক্ত অর্থ/ফি আদায়ের অপতৎপরতা চালাচ্ছে। উল্লেখ্য, এধরনের অপচেষ্টা শিক্ষামন্ত্রণালয় ও আন্তঃশিক্ষাবোর্ড-এর পরীক্ষার ফরম পূরণ নীতিমালার পরিপন্থি। এ বিষয়ে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের নামে কোনো মাধ্যমে অভিযোগ পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরি।

 ১.৪.২০২৪

(প্রফেসর এ এম এম মুজিবুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

চট্টগ্রাম।

